# দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গৃহিত কর্মপন্থাঃ

১। UNOCHA'র ব্যবস্থাপনায় সুইজারল্যান্ডের জেনেভা তে ১৯ এপ্রিল ২০২১ থেকে ৭ মে ২০২১ তারিখ পর্যন্ত সময়ে মানবিক সহায়তা সংক্রান্ত 'Humanitarian Network and Partnership Week- 2021' শিরোনামে একটি ভার্চুয়াল সম্মেলন অনুষ্ঠিত হবে। উক্ত ভার্চুয়াল সম্মেলনে-

- 'Bangabandhu in Disaster Management and Humanitarian Assistance' নামে একটি সাইড ইভেন্ট আয়োজনের ব্যবস্থা নেওয়া হয়েছে।
- সাইড ইভেন্টে বঙ্গবন্ধুর কর্মকালে গৃহিত দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত উদ্যোগ ও কার্যক্রমের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রি কর্তৃক পরবর্তিতে দুর্যোগ ব্যবস্থাপনায় আনীত উৎকর্ষতা ও 'রোল মডেল' হিসেবে বাংলাদেশের স্বীকৃতি বিষয়ে আলোচনার পাশাপাশি ডকুমেন্টারি ভিডিও প্রদর্শন করা হবে।
- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রি কর্তৃক ভূমিহীন ও গৃহহীন মানুষকে দুর্যোগ সহনীয় বাসগৃহ প্রদানের বিষয়টি 'House for Homeless and Landless' এই শিরোনামে ডকুমেন্টারি ভিডিও প্রচার করা হবে।
- 'মাদার অফ হিউম্যানিটি' খ্যাত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহে প্রায় ১১ লক্ষ রোহিংগা শরণার্থীদের আশ্রয় দান ও মানবিক সহায়তা প্রদান বিষয়ক ভিডিও চিত্র আন্তর্জাতিক ফোরামে প্রদর্শন করা হবে।

২। এপ্রিল ২০২১ হতে জুন ২০২১ এর মধ্যে অস্ট্রেলিয়াতে অনুষ্ঠেয় Asia Pacific Ministerial Conference on Disaster Risk Reduction সম্মেলনে 'Bangladesh a Disaster Management Model' শিরোনামে একটি সাইড ইভেন্ট আয়োজনের প্রস্তুতি নেয়া হয়েছে যেখানে-

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে গৃহিত উদ্যোগ ও কার্যক্রম বিস্তারিত আলোচনা করা হবে।
- সাইড ইভেন্টে বঙ্গবন্ধুর কর্মকালে গৃহিত দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রি কর্তৃক পরবর্তিতে দুর্যোগ ব্যবস্থাপনায় আনীত উৎকর্ষতা ও 'রোল মডেল' হিসেবে বাংলাদেশের স্বীকৃতি বিষয়ে ডকুমেন্টারি ভিডিও প্রদর্শন করা হবে।
- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন মানুষকে দুর্যোগ সহনীয় বাসগৃহ প্রদানের বিষয়ে 'House for Homeless and Landless' এই শিরোনামে ডকুমেন্টারি ভিডিও প্রচার করা হবে।
- 'মাদার অফ হিউম্যানিটি' খ্যাত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহে প্রায় ১১ লক্ষ রোহিংগা শরণার্থীদের আশ্রয় দান ও মানবিক সহায়তা প্রদান বিষয়ক ভিডিও চিত্র প্রদর্শন করা হবে।

৩। Dubai Expo আগামী ১ লা অক্টোবর ২০২১ থেকে ৩১ শে মার্চ ২০২২ সময়কালে অনুষ্ঠেয় Dubai Expo -তে এ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত প্যাভিলিয়নে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে গৃহিত কার্যক্রম সম্বলিত 'দুর্যোগ ঝুঁকিহ্রাসে বঙ্গবন্ধু' শিরোনামে স্মরণিকা প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য, আন্তর্জাতিক মহলে স্মরণিকাটি ব্যাপক প্রচার করার স্বার্থে স্মরণিকাটিতে বাংলা লেখার পাশাপাশি ইংরেজি অনুবাদও স্থান পেয়েছে।

- এছাড়া, বঙ্গবন্ধুর কর্মকালে গৃহিত দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম ও উদ্যোগ গ্রহণের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রি কর্তৃক পরবর্তিতে দুর্যোগ ব্যবস্থাপনায় আনীত উৎকর্ষতা ও 'রোল মডেল' হিসেবে বাংলাদেশের স্বীকৃতি বিষয়ে ডকুমেন্টারি ভিডিও প্রদর্শন করা হবে।
- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রি কর্তৃক ভূমিহীন ও গৃহহীন মানুষকে দুর্যোগ সহনীয় বাসগৃহ প্রদানের বিষয়টি 'House for Homeless and Landless' এই শিরোনামে ডকুমেন্টারি ভিডিও প্রচার করা হবে।
- 'মাদার অফ হিউম্যানিটি' খ্যাত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহে প্রায় ১১ লক্ষ রোহিংগা শরণার্থীদের আশ্রয় দান ও মানবিক সহায়তা প্রদান বিষয়ক ভিডিও চিত্র Dubai Expo- তে প্রদর্শন করা হবে।

৪। এ মন্ত্রনালয়ের কার্যক্রম বিষয়ে প্রতি দুই মাসে একটি ওয়েবিনার আয়োজন করার সিদ্ধান্ত নেয়া হয়েছে যাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন দর্শন ও কার্যক্রম সবিস্তারে আন্তর্জাতিক ও দেশীয় পরিমন্ডলে প্রচার করা হবে। ওয়েবিনার এর শিরোনাম সমূহ নিম্নরূপঃ

ক) 'Bangladesh towards Cyclone Resilience through the Legacy of Bangabandhu and Sheikh Hasina'
খ) 'Humanitarian Assistance During Covid- 19 - A gracious initiative of Honerable Prime Minister Sheikh Hasina'
গ) 'Development Philosophy of Bangabandhu Sheikh Mujibur Rahman and Initiatives of MoDMR'

৫। মহাখালিস্থ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১০ম তলায় ‘মুজিব কর্ণার’ স্থাপন করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী গত ২৬.১১.২০২০ খ্রিঃ তারিখে ‘মুজিব কর্ণার’টি উদ্বোধন করেছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্মজীবনীমূলক গ্রন্থসহ তাঁর কর্ম ও মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন বই সংগ্রহ করে মুজিব কর্ণারে রাখা হয়েছে- যেটি মন্ত্রনালয় ও অধিদপ্তরের কর্মকর্তাদের বঙ্গবন্ধুর সার্বিক দর্শন ও উন্নয়ন ভাবনা এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ধারণা দিবে। ‘মুজিব কর্ণার’টি আরও সমৃদ্ধ করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

৬। ইতোমধ্যে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণকরতঃ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ‘বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উদযাপন’ শিরোনামে একটি তথ্য বক্সে আপলোড করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১০ মার্চ ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস’- এ মুজিব শতবর্ষ উপলক্ষ্যে এ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ২১৫ টি স্থাপনা শুভ উদ্বোধন করবেন।

৭। দেশীয় ও আন্তর্জাতিক মহলে ব্যাপক প্রচারের লক্ষ্যে বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অগ্রণী ভূমিকা সম্পর্কিত তথ্যবহুল লেখা উপযুক্ত বিবেচিত হলে Google এ আপলোড করা হবে। তবে লেখার মান সম্পর্কে নিশ্চিত হতে লেখাটি মন্ত্রণালয় কর্তৃক পূর্বে অনুমোদিত হতে হবে।

৮। এ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ত্রাণ সহায়তার প্যাকেট, কম্বল, ঢেউটিন, দুর্যোগ সহনীয় ঘরের ও ব্রীজের উদ্বোধনী স্টোন ইত্যাদির উপর ‘মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার’ কথাটি লিপিবদ্ধ করার মাধ্যমে সরকারের ত্রাণ কার্যক্রম ব্যাপক প্রচার ও দৃশ্যমান করা হবে।

৯। বর্তমান সরকারের কার্যকালে পল্লী এলাকায় ব্রীজ কালভার্ট, নতুন রাস্তা তৈরি, পুরাতন রাস্তা মেরামত, সংস্কার, এইচবিবিকরণ, হেরিং বোন বন্ডকরণ, বন্যা আশ্রয়কেন্দ্র, ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, ত্রাণ গুদাম ও তথ্য কেন্দ্র, সিপিপি কার্যক্রম এবং মন্ত্রণালয়ের সামগ্রিক কার্যক্রম বর্ণিত করে সিপিপি সদস্যদের সহায়তায় জারি, সারি ও গম্ভিরা গানের মাধ্যমে বিভিন্ন মিডিয়াতে সরকারের অগ্রণী ভূমিকা ও অবদান প্রচারমূলক সংগীত পরিবেশনার ব্যবস্থা নেয়া হয়েছে।

বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের নিমিত্ত কমিটি গঠন করতঃ সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

তবে কোভিড- ১৯ জনিত পরিস্থিতির উন্নতি সাপেক্ষে প্রস্তাবিত ওয়েবিনার স্বাস্থ্যবিধি মেনে সরাসরিও আয়োজনের ব্যবস্থা করা যেতে পারে এবং গৃহিত কর্মসূচি আংশিক পরিবর্তিত বা পরিবর্ধিত হতে পারে।

(signature) 03/02/2021
(মোমেনা খাতুন)
যুগ্মসচিব (দুব্য-১)